

জেলা প্রশাসক

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়, গাইবান্ধা

নং ০৫.৫৫.৩২০০.০৭০.৯৯.০০৭.২৩.

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর ২৭ নং আদেশ অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গাইবান্ধা জেলার ০৫টি সংসদীয় আসনের [২৯ গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ), ৩০ গাইবান্ধা-২ (গাইবান্ধা সদর), ৩১ গাইবান্ধা-৩ (সাদুল্লাপুর, পলাশবাড়ী), ৩২ গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ), ৩৩ গাইবান্ধা-৫ (সাঘাটা, ফুলছড়ি)] নিম্নরূপ ব্যক্তিবর্গ পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য আবেদন করতে পারবেন।

- ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;
খ) কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
গ) বাংলাদেশি ভোটার বিদেশে বসবাস করলে।

২। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য (ক) ও (গ) এ উল্লিখিত ব্যক্তিবর্গ ৩০ নভেম্বর ২০২৩ এর মধ্যে এবং (খ) এ উল্লিখিত ব্যক্তিবর্গ তার নিযুক্তির পর, যথাশীঘ্র সম্ভব, নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করবেন।

৩। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করার পর ব্যালট পেপারটি তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

তারিখ: ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বঙ্গাব্দ

স্বা
(কাজী নাহিদ রসুল)
জেলা প্রশাসক, গাইবান্ধা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
e-mail: dcgaibandha@mopa.gov.bd

নং ০৫.৫৫.৩২০০.০৭০.৯৯.০০৭.২৩. ৭০৪ (৩২)

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার, ঢাকা।
০৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
০৬. পুলিশ সুপার, গাইবান্ধা।
০৭. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), গাইবান্ধা (বিজ্ঞপ্তিট বহল প্রচারের অনুরোধসহ)।
০৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, গাইবান্ধা।
০৯. জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা।
১০. জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (তাকে গণবিজ্ঞপ্তিটি উল্লিখিত নির্বাচনী এলাকার জনসাধারণের জ্ঞাতার্থে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১. উপজেলা নির্বাচন অফিসার (সকল), গাইবান্ধা।
১২. অফিসার ইন চার্জ (সকল), গাইবান্ধা।
১৩. অফিস কপি।

জেলা প্রশাসক, গাইবান্ধা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন